

বাংলাদেশ অভ্যন্তরীণ নৌ-পরিবহন কর্তৃপক্ষ

১৪১-১৪৩ মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা-১০০০।

তারিখঃ ২২/০৩/২০২৬খ্রিঃ

দপ্তর আদেশ নং- ৪৭৭/২০২৬

যেহেতু, জনাব মোঃ আনোয়ার হোসেন, ড্রাইভার-২ (১ম শ্রেণীর সনদধারী), টাগবোট আশা-২, ড্রেজার বেইজ, ড্রেজিং বিভাগ, বিআইডব্লিউটিএ, আরিচা কর্তৃক কর্তৃপক্ষের নির্দেশনা সত্ত্বেও জনাব মোঃ আবুল কাশেম, ড্রাইভার-১ কে টাগবোট আশা-২ এর দায়িত্ব বুঝিয়ে না দেয়া এবং জনাব মোঃ আলমগীর হোসেন, ইলেকট্রিশিয়ান-কে টাগবোট আশা-২ এর লুব ওয়েল পরিবর্তনের কাজে বাধা দেয়া, গালি-গালাজ করাসহ জনাব মোঃ আলমগীর হোসেন এর উপর অতর্কিত হামলা করার কারণে কর্তৃপক্ষের দপ্তর আদেশ নং-২৫৫৪/২০২৫; তারিখঃ ২১/১২/২০২৫খ্রিঃ দ্বারা বাঅনৌপ-কর্তৃপক্ষের কর্মচারী চাকুরী প্রবিধানমালা-১৯৯০ এর ৪১(১) প্রবিধান অনুসারে কর্তৃপক্ষের চাকুরী হতে তাকে সাময়িক বরখাস্ত করা হয়;

যেহেতু, জনাব মোঃ আনোয়ার হোসেন, ড্রাইভার-২ (১ম শ্রেণীর সনদধারী) (সাময়িক বরখাস্তকৃত), টাগবোট আশা-২, ড্রেজার বেইজ, ড্রেজিং বিভাগ, বিআইডব্লিউটিএ, আরিচা (বর্তমান কর্মস্থল, ঢাকা) এর উপযুক্ত কার্যকলাপ বাঅনৌপ-কর্তৃপক্ষের কর্মচারী চাকুরী শৃংখলা বিধির পরিপন্থি এবং কর্তৃপক্ষের কর্মচারী চাকুরী প্রবিধানমালা-১৯৯০ এর ৩৫ (ক) এবং ৩৫(খ) প্রবিধি অনুসারে যথাক্রমে "দায়িত্ব পালনে অবহেলা" এবং "অসদাচরণ" এর অন্তর্ভুক্ত হওয়ায় কর্তৃপক্ষের স্মারক নং-১৮. ৭০৭. ০৪৭. ০০. ০০. ৩৩৪.২০২৬/৩৬৬, তারিখঃ ১৪/০১/২০২৬খ্রিঃ দ্বারা অভিযোগনামা জারীর মাধ্যমে তার বিরুদ্ধে বিভাগীয় মামলা রুজু করা হয়;

যেহেতু, জনাব মোঃ আনোয়ার হোসেন, ড্রাইভার-২ (১ম শ্রেণীর সনদধারী) (সাময়িক বরখাস্তকৃত) গত ২১/০১/২০২৬খ্রিঃ তারিখ অভিযোগনামার জবাব দাখিল করেন; যেহেতু, অভিযোগনামার জবাবের প্রেক্ষিতে ০১/০৩/২০২৬খ্রিঃ তারিখ চেয়ারম্যান মহোদয়ের দপ্তরে তার ব্যক্তিগত শুনানী অনুষ্ঠিত হয়; যেহেতু, ব্যক্তিগত শুনানী শেষে চেয়ারম্যান মহোদয় কর্তৃক তার প্রতি সাময়িক বরখাস্তের আদেশ প্রত্যাহার এবং সাময়িক বরখাস্তকালীন সময়কে কর্মকাল হিসেবে গণ্য করে বাঅনৌপ-কর্তৃপক্ষের কর্মচারী চাকুরী প্রবিধানমালা-১৯৯০ ৩৬(১)(অ)(খ) মোতাবেক "১ (এক) বছরের বেতন বর্ধন স্থগিত" লঘু দণ্ড আরোপ করে অভিযোগ প্রত্যাহার পূর্বক বিভাগীয় মামলার সকল কার্যক্রম নিষ্পত্তি করার সিদ্ধান্ত গৃহীত হয়;

সেহেতু, জনাব মোঃ আনোয়ার হোসেন, ড্রাইভার-২ (১ম শ্রেণীর সনদধারী) (সাময়িক বরখাস্তকৃত), টাগবোট আশা-২, ড্রেজার বেইজ, ড্রেজিং বিভাগ, বিআইডব্লিউটিএ, আরিচা (বর্তমান কর্মস্থল, ঢাকা) এর প্রতি সাময়িক বরখাস্তের আদেশ প্রত্যাহার এবং সাময়িক বরখাস্তকালীন সময়কে কর্মকাল হিসেবে গণ্য করে বাঅনৌপ-কর্তৃপক্ষের কর্মচারী চাকুরী প্রবিধানমালা-১৯৯০ ৩৬(১)(অ)(খ) মোতাবেক "১ (এক) বছরের বেতন বর্ধন স্থগিত" লঘু দণ্ড আরোপ করে অভিযোগ প্রত্যাহার পূর্বক বিভাগীয় মামলার সকল কার্যক্রম পরিসমাপ্তি করা হলো;

যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারী করা হলো।

স্বাক্ষরিত

(মোঃ সাইফুল ইসলাম)

পরিচালক(প্রশাসন ও মানব সম্পদ)

বিআইডব্লিউটিএ।

তারিখঃ ২২/০৩/২০২৬খ্রিঃ

নথি নং-১৮.৭০৭.০৪৭.০০.০০.৩৩৪.২০২৬/৪২৫

অনুলিপি

- ০১। পরিচালক, হিসাব বিভাগ, বিআইডব্লিউটিএ, ঢাকা।
- ০২। পরিচালক, নিরীক্ষা বিভাগ, বিআইডব্লিউটিএ, ঢাকা।
- ০৩। প্রধান প্রকৌশলী, ড্রেজিং বিভাগ, বিআইডব্লিউটিএ, ঢাকা।
- ০৪। পরিচালক, অর্থ বিভাগ, বিআইডব্লিউটিএ, ঢাকা।
- ০৫। পরিচালক, আইসিটি বিভাগ, বিআইডব্লিউটিএ, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
- ০৬। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, ড্রেজার বেইজ, ড্রেজিং বিভাগ, বিআইডব্লিউটিএ, আরিচা।
- ০৭। সহকারী পরিচালক, হিসাব বিভাগ, বিআইডব্লিউটিএ, আরিচা।
- ০৮। সমন্বয় কর্মকর্তা, চেয়ারম্যান মহোদয়ের দপ্তর, বিআইডব্লিউটিএ, ঢাকা।
- ০৯। ব্যক্তিগত সহকারী, সদস্য (প্রকৌশল) মহোদয়ের দপ্তর, বিআইডব্লিউটিএ, ঢাকা।
- ১০। জনাব মোঃ আনোয়ার হোসেন, ড্রাইভার-২ (১ম শ্রেণীর সনদধারী) (সাময়িক বরখাস্তকৃত), টাগবোট আশা- ২, ড্রেজার বেইজ, ড্রেজিং বিভাগ, বিআইডব্লিউটিএ, আরিচা (বর্তমান কর্মস্থল, ঢাকা)।
- ১১। ব্যক্তিগত নথি।

পরিচালক(প্রশাসন ও মানব সম্পদ)
বিআইডব্লিউটিএ।